৫)
ক) কোন গাছকে sundew গাছ বলে?
উঃ-বীরভূম জেলার কাঁকড়ের মাটিতে এক ধরনের পোকাখেকো গাছ দেখতে পাওয়া যায়,এদের sundew বা সূর্য শিশির বলে। এর পাতায় অনেক ছোট ছোট শুঁয়ো লাগানো থাকে এবং সেগুলির গোড়ায় যেসব গ্রন্থি থাকে, তা থেকে আঠার মত এক রকম রস বের হয়। হঠাৎ দেখলে মনে হয় যেন শুঁয়োর গায়ে শিশিরের বিন্দু লেগে থাকে।
খ) গাছ কীভাবে পোকা ধরে হজম করে?
উঃ-Sundew বা সূর্যশিশির গাছের গা থেকে আঠার মতো একরকম রস বের হয়। হঠাৎ দেখলে মনে হয় যেন শুঁয়োর গায়ে শিশিরের বিন্দু লেগে আছে। পিঁপড়ে ও মাছিরা একে মধু ভেবে যেমনি খেতে যায় অমনি শুঁয়োগুলি তাদের জড়িয়ে ধরে।শুঁয়োর এই বাঁধন থেকে পিঁপড়ে ও মাছিরা খালাস পায় না। তারা মরার মত পাতার উপরে পড়ে থাকে এবং গাছেরা সুযোগ বুঝে তাদের শরীরের সারাংশ সেই রসে হজম করে খেয়ে নেয়।